মেহেরপুর সরকারি কলেজে বিরাশিয়ান বন্ধু মেলা অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি কলেজের ১৯৮০-৮১ শিক্ষাবর্ষে ভর্তি হন প্রায় এক হাজারেরও বেশি শিক্ষার্থী। পড়ালেখা শেষ করে অনেকেই চাকরি কিংবা ব্যবসা বাণিজ্যে ব্যস্ত। কেউবা দূরপ্রবাসে।

বন্ধুদের মধ্যে যোগাযোগ যখন বিচ্ছিন্ন হতে শুরু করে, তখন ঐক্যের বন্ধনে আবদ্ধ থাকতে এক ভিন্ন পথ ধরেন ওই ব্যাচেরই শিক্ষার্থীরা।

আজ শনিবার (৬ জুন) সকালে প্রায় সাড়ে চার দশক পর সরকারি কলেজের সম্মেলন কক্ষে মিলনমেলার বিরাশিয়ান বন্ধু মেলার আয়োজন করা হয়। এসময় জেলার নানা প্রান্ত থেকে আসা শিক্ষার্থীরা একে অপরের সঙ্গে পরিচিত হওয়া, ছবি তোলা, আড্ডা ও গল্পে মেতে উঠেন।

বিরাশিয়ান বন্ধু মেলার প্রধান সমন্বয়ক আবু জাফরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ. কে. এম. নজরুল কবীর, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি কলেজের (অব.) অধ্যাপক ফজলুল হক, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথা।

মিলনমেলায় মেহেরপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গার বিভিন্ন এলাকা থেকে এসে যুক্ত হয় বন্ধুদের আড্ডায়। দেড় শতাধিকের বেশি বন্ধুর আগমনে সম্মেলন কক্ষে সেই পুরো দিনের আড্ডায় ফিরে যান তারা।

বন্ধু মেলায় অংশ নিতে সকাল থেকেই সরকারি কলেজে আসতে থাকে ১৯৮২ ব্যাচের শিক্ষার্থীরা।

ছাত্র কিংবা ও শিক্ষক হিসেবে ক্যাম্পাসে সময় কাটানো ভিন্ন এক অনুভূতি। দীর্ঘদিন পর ছাত্র জীবনের আড্ডা মিস করতে চান না।

মিলনমেলা আয়োজনে কাজ করা বন্ধুরা জানান, বন্ধুরা মিলে একটি এক মিলন মেলায় আয়োজন করেছি। সবাই বেশ সাড়া দিয়েছে।

সবাই মিলে আড্ডা, গল্প, খাওয়া-দাওয়া,গান করেছি। এই যেন ক্যাম্পাস জীবনেই ফিরে গিয়েছিলাম। বেশ ভালো সময় কেটেছে।

ব্যক্তিস্বার্থ ও সামাজিক বিচ্ছিন্নতার বর্তমান বাস্তবতায় নিজের মধ্যে বন্ধুত্ব আর ঐক্য চায় মেহেরপুর সরকারি কলেজের ১৯৮০-৮১ সেশনের শিক্ষার্থীরা। এতে শঙ্কটে বন্ধুদের পাশে দাঁড়ানোসহ কলেজ ও সমাজের মানুষের জন্য কাজ করতে চায় তারা।

কানাডা থেকে মাস্টার্স ডিগ্রি অর্জন করলেন মেহেরপুরের সজীব

মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামের কৃতি সন্তান মোঃ মাহফুজুর রহমান (সজীব) কানাডার উইন্ডসর বিশ্ববিদ্যালয় থেকে তড়িৎ ও কম্পিউটার প্রকৌশল বিষয়ে সাফল্যের সঙ্গে স্নাতকোত্তর (মাস্টার্স) ডিগ্রি অর্জন করেছেন।

তিনি আমদহ গ্রামের মরহুম মোঃ বাবর আলীর সন্তান। শিক্ষাজীবনের শুরু থেকেই মাহফুজুর রহমান ছিলেন মেধাবী, পরিশ্রমী ও লক্ষ্যনিষ্ঠ। তাঁর শিক্ষার ভিত্তি গড়ে ওঠে মেহেরপুর কিন্ডারগার্টেনে। পরে তিনি মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক এবং মেহেরপুর সরকারি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক শিক্ষা সম্পন্ন করেন।

পরবর্তীতে তিনি আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (এআইইউবি) থেকে তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেন।

উচ্চশিক্ষা ও গবেষণার স্বপ্ন পূরণে তিনি ২০২৪ সালে কানাডায় পাড়ি জমান। সেখানে কঠোর পরিশ্রম, অধ্যবসায় ও একাগ্রতার মাধ্যমে উইন্ডসর বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করে তিনি শুধু নিজের নয়, তাঁর পরিবার, শিক্ষক, শুভাকাঙ্ক্ষী এবং সমগ্র মেহেরপুরবাসীর মুখ উজ্জ্বল করেছেন।

শিক্ষাজীবনের প্রতিটি ধাপে তিনি একাডেমিক উৎকর্ষতা ও প্রযুক্তিবিষয়ক জ্ঞানচর্চার প্রতি গভীর আগ্রহের পরিচয় দিয়েছেন। স্নাতকোত্তর পর্যায়ে তাঁর গবেষণা ও অধ্যয়ন আধুনিক তড়িৎ ও

কম্পিউটার প্রকৌশলের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়কে কেন্দ্র করে পরিচালিত হয়েছে।

সংশ্লিষ্টরা মনে করেন, তাঁর এ অর্জন ভবিষ্যতে প্রযুক্তি ও গবেষণার ক্ষেত্রে আরও বড় অবদান রাখার পথ সুগম করবে।

মেহেরপুর সীমান্তে নারী-শিশুসহ ৬ জনকে পুশইনের চেষ্টা বিএসএফের

মেহেরপুরের গাংনী সীমান্তে নারী-শিশুসহ ৬ জনকে পুশইনের চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

শনিবার ভোরে উপজেলার তেঁতুলবাড়িয়া সীমান্তের ১৪০/৫-এস আন্তর্জাতিক পিলারের কাছে পুশইনের চেষ্টা করলে বিজিবি ও গ্রামবাসীর প্রতিরোধের মুখে তাদের এ অপচেষ্টা ব্যর্থ হয়।

ভারত থেকে ঠেলে দেওয়া ৬ জন বর্তমানে কাঁটাতারের বেড়ার পাশে অবস্থান করছে। এ ঘটনায় সীমান্তে কঠোর অবস্থান নিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

তেঁতুলবাড়িয়া বিজিবি ক্যাম্পের কমান্ডার সুবেদার হাবিবুর রহমান বলেন, ১৪০/৫-এস আন্তর্জাতিক পিলারের কাছে ভারতের নদীয়া জেলার করিমপুর থানার বেড় রামচন্দ্রপুর এলাকা দিয়ে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামের হাটপাড়ায় শিশু ও নারীসহ ৬ জনকে পুশইনের চেষ্টা করে বিএসএফ।

তবে বিজিবি ও গ্রামবাসীর প্রতিরোধের মুখে তারা ভারতের সীমান্তে ফিরে যেতে বাধ্য হয়। বিএসএফ তাদের গ্রহণ না করায় তারা কাঁটাতারের বেড়ার পাশে ভারতের ভূখণ্ডে অবস্থান করছে।

স্থানীয়রা জানান, বিএসএফ কাঁটাতারের বেড়া খুলে তাদের বাংলাদেশের সীমান্তের দিকে ঠেলে দেয়। তারা পায়ে হেঁটে বাংলাদেশের ভূখণ্ডে

প্রবেশের চেষ্টা করেন।

প্রতিরোধের মুখে তারা আবার কাঁটাতারের বেড়ার পাশে ফিরে যায়। বাংলাদেশ সীমান্তে বিজিবি ও গ্রামবাসী শক্ত অবস্থান নিয়েছে।

এদিকে বিজিবির পক্ষ থেকে হ্যান্ড মাইকে ঘোষণা দিয়ে পুশইন প্রতিরোধ ও তাদেরকে কাঁটাতারের বেড়ার ওপারে ফিরিয়ে নেওয়ার জন্য বারবার আহ্বান জানানো হচ্ছে। কিন্তু বিএসএফের পক্ষ থেকে কোনো সাড়া মিলছে না।

তেঁতুলবাড়িয়া বিজিবি ক্যাম্পের কমান্ডার সুবেদার হাবিবুর রহমান আরও বলেন, “অবৈধ কোনো অনুপ্রবেশ কিংবা পুশইন মেনে নেওয়া হবে না।”

কেন্দ্রীয় যুবদলের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণায় মেহেরপুরে যুবদলের আনন্দ মিছিল

কেন্দ্রীয় যুবদলের পূর্ণাঙ্গ কমিটিতে আব্দুল মোনায়েম মুন্নাকে সভাপতি, মোহাম্মদ নূরুল ইসলাম নয়নকে সাধারণ সম্পাদক এবং মেহেরপুরের সন্তান প্রিন্স আহমেদ ইমরানকে তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক মনোনীত করায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে প্রাণঢালা শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মেহেরপুরে জেলা যুবদলের উদ্যোগে আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে শহরের পুরাতন বাসস্ট্যান্ড থেকে আনন্দ মিছিলটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পৌরসভা চত্বরে গিয়ে শেষ হয়।

মিছিলে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, গাংনী উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক

জাহিদুল হক জাহিদ, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বারাদী ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মোহাম্মদ, সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, সদর উপজেলা যুবদল নেতা শফিকুল ইসলাম মিঠুন, পৌর যুবদল নেতা রাকিবুল ইসলাম রিপনসহ যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

এ সময় নেতাকর্মীরা কেন্দ্রীয় কমিটির নবনির্বাচিত নেতৃবৃন্দের সফলতা কামনা করেন এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মেহেরপুরে সীমান্তজুড়ে পুশইন ও চোরাচালান ঠেকাতে বিজিবির কঠোর অবস্থান, যোগ দিচ্ছেন স্থানীয়রাও

মেহেরপুর জেলার তিন দিক জুড়ে ভারতীয় সীমান্ত। ৯৭ কিলোমিটার সীমান্তে পুশইন ঠেকাতে বিজিবির কঠোর অবস্থান। দিনের চেয়ে রাতে সীমান্তে ভারতীয় সার্চ লাইটের আলোর দিকে সজাগ দৃষ্টি রেখে সীমান্ত পাহারায় বিজিবি সদস্যরা। বিজিবির সাথে পাহারায় শতস্ফুর্তভাবে যোগ দিয়েছেন সীমান্ত এলাকার বাসিন্দারা।

ভারত থেকে সম্ভাব্য অবৈধ ‘পুশ-ইন’ ঠেকাতে মেহেরপুর সীমান্তে নজরদারি ও টহল কার্যক্রম জোরদার করেছে চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়ন ও কুষ্টিয়া ব্যাটালিয়ন। সীমান্তজুড়ে বাড়ানো হয়েছে গোয়েন্দা তৎপরতা, স্থাপন করা হয়েছে বিশেষ চেকপোস্ট এবং সন্দেহজনক চলাচলের ওপর রাখা হচ্ছে সার্বক্ষণিক নজরদারিও।

বুধবার (৩ জুন) দিবাগত রাতে মেহেরপুর সীমান্তের বিভিন্ন এলাকায় সরেজমিনে গিয়ে দেখা যায়, দায়িত্বপ্রাপ্ত বিজিবি সদস্যরা অতিরিক্ত সতর্ক অবস্থানে রয়েছেন। সীমান্তবর্তী কয়েকটি পয়েন্টে ভারতীয়

ভূখন্ডে কিছু মানুষের সমাগমের তথ্য পাওয়া গেছে। বিজিবির দাবি, যেসব এলাকায় পুশ-ইনের আশঙ্কা থাকে, সেখানে ভারতীয় সীমান্তে কাঁটাতার সংলগ্ন আলোগুলো অনেক সময় নিভিয়ে রাখা হয়। এমন পরিস্থিতিতে সংশ্লিষ্ট এলাকায় অতিরিক্ত টহল ও সতর্কতামূলক কার্যক্রম চালানো হচ্ছে।

বিজিবি সূত্র জানায়, সীমান্ত নিরাপত্তা নিশ্চিত করতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ও কুষ্টিয়া ব্যাটালিয়নের আওতাধীন মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার মোট ১৯টি বিওপি ও একটি আইসিপির মাধ্যমে প্রতিদিন ৮১টি টহল পরিচালনা করা হচ্ছে। পাশাপাশি স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী, গোয়েন্দা সংস্থা, আনসার ও ভিডিপির সঙ্গে সমন্বয় করে সীমান্তবর্তী এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে।

বিজিবির টহলের সাথে যোগ দিয়েছেন স্থানীয় সীমান্ত এলাকার বাসিন্দারাও। পাহারায় নিয়োজিত কাথুলী সীমান্তবাসী আমিরুল ইসলাম জানান, দেশ আমার,দেশকে রক্ষা করতে এবং সীমান্তে চোরাচালান,মাদক প্রচার ও অবৈধ পুশইন প্রতিরোধ করতে বিজিবিকে সহায়তা করা হচ্ছে। বিজিবির সাথে আমরাও বিভিন্ন দলের সাথে সারারাত পাহারা দিচ্ছি। পাহারায় অংশ নিতে পেরে আমাদেরও ভাল লাগছে।
সীমান্তবাসী খাইরুল ইসলাম বলেন,সীমান্তের যে কোনো সময়ে আমরা বিজিবির সাথে আছি। কোনো ভাবেই যেনো ভারতীয় সীমান্ত দিয়ে মাদক, চোরাচালান ও অবৈধ পুশইন না হয়। বিজিবির আহবানে আমরা পাহারায় যোগ দিয়েছি।

কাথুলী বিওপির কোম্পানী কমান্ডার সুবেদার মো: অছিকুর রহমান বলেন, ১০ দিন যাবত ভারতীয় বিএসএফ নিয়ম না মেনে বেশ কিছু মানুষ পুশইন করার চেষ্টা করছে। দু দেশের নিয়ম অনুয়ায়ী পুশইন করলে আমরা কাগজপত্র যাচাই করে তাদেরকে নিতে আপত্তি নেই। তবে অবৈধভাবে ভারতের বিভিন্ন জেলা থেকে লোকজন জড়ো করে আমাদের দিকে ঠেলে দেয়ার চেষ্টা করছে। আমরা তা প্রতিহত করার জন্য সজাগ রয়েছি। এতে আমরা স্থানীয়দের সহায়তা নিয়েছি। সীমান্তবাসীরাও আমাদের সাথে পাহারায় যোগ দিয়েছেন।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের অধিনায়ক লে: কর্নেল নাজমুল হাসান জানান, মোট ৯৭ কিলোমিটার মেহেরপুর সীমান্ত এলাকা। এর মধ্যে ৬৩ কিলোমিটার মেহেরপুর অঞ্চলের দায়িত্ব পড়েছে আমাদের ওপর বাকীটা নিয়ন্ত্রণ করেন কুষ্টিায়া ব্যাটালিয়ন। এসব সীমান্ত দিয়ে রাতের আধারে অবৈধভাবে বেশ কয়েকবার পুশইনের ঘটনা ঘটেছে। আমরা

নিয়মতান্ত্রিক ভাবেই পুশইন বা পুশব্যাক করাতে চাই। বর্তমানে সীমান্তে নিরাপত্তায় ও টহল জোরদার করা হয়েছে। আমরা সাধারণ মানুষকেও বিভিন্ন ভাবে শতর্ক করতে রাস্তায় রাস্তায় বিভিন্ন জনসমান এলাকায় মাইকিং করে মানুষকে সচেতন করা হচ্ছে। রাতের টহল জোরদার করা হয়েছে। বিজিবিকে সহায়তা করছেন স্থানীয়রাও।

৪৭ বিজিবি কৃষ্টিয়া ব্যাটালিয়নের অধিনায়ক লে; কর্নেল রাশেদ কামাল রনি দৈনিক আগামীর সময়কে বলেন, মেহেরপুরের ৯৭ কিলোমিটার সীমান্তের ৩৬ কিলোমিটার এলাকায় কুষ্টিয়া ব্যাটালিয়নের আওতাভুক্ত। সীমান্ত এলাকায় এখন পাটক্ষেত থাকায় দুর থেকে দেখতে অনেকটা সমস্যা হলেও বর্তমান পরিস্থিতি মোকাবেলা করতে টহর জোরদার করা হয়েছে।

সীমান্তের কাছে যে সকল আবাদি জমি রয়েছে সেকল কৃষকদের নির্দিষ্ট সময়ে কাজ শেষ করার আহবান করা হয়েছে। এবং কোন ধরনের চোরাচালান,পুশইন যাতে না হয় একারনে স্থানীয়রা দলে দলে বিজিবির সাথে পাহারায় যোগ দিয়েছেন। আশাকরবো সীমান্ত দিয়ে আর কোনো অবৈধ পুশইন না হয় এবং মাদক না আসে।

আদালতে নেওয়ার পথে ‘জয় বাংলা’ স্লোগান ছাত্রলীগ নেতা টুটুলের

মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি রাকিবুল ইসলাম টুটুলকে গ্রেপ্তারের পর আদালতে নেওয়ার পথে ‘জয় বাংলা’ স্লোগান দিতে দেখা গেছে। এ সময় তিনি নিজের বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করে বিভিন্ন রাজনৈতিক বক্তব্য দেন।

বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টার দিকে মেহেরপুর থানা চত্বরে এ ঘটনা ঘটে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীদের ওপর হামলার অভিযোগে দায়ের করা একটি মামলায় বুধবার দিবাগত রাতে গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করে

পুলিশ।

থানা হেফাজত থেকে আদালতে নেওয়ার সময় উপস্থিত লোকজনের সামনে টুটুল বলেন, “আমি অপরাধী নই। বিনা অপরাধে আমাকে গ্রেপ্তার করা হয়েছে। আমি মানুষের জন্য রাজনীতি করেছি, সাধারণ মানুষের সেবা করার জন্য রাজনীতি করেছি। আজ আমাকে গ্রেপ্তার করা হয়েছে শুধু আমি ‘জয় বাংলার’ লোক বলে।”

তিনি আরও বলেন, “যদি জয় বাংলা করা অপরাধ হয়, তাহলে আমি সেই অপরাধে অপরাধী। তবে মনে রাখবেন, আজ যারা আমাকে অপরাধী বানিয়েছেন, কাল একদিন তারাও একই পরিস্থিতির মুখোমুখি হবেন।”

বক্তব্যের একপর্যায়ে তিনি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রসঙ্গ টেনে বলেন, “মানুষের মুক্তির জন্য শেখ হাসিনা আবার দেশে ফিরে আসবেন এবং দেশের মানুষের মুক্তি নিশ্চিত করবেন।”

এ সময় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নাম উল্লেখ করে তিনি বলেন, “আপনি আজ আমাদের রাজনৈতিক অধিকার সীমিত করেছেন। একদিন আপনার দলের রাজনৈতিক অধিকারও সীমিত হতে পারে।” পাশাপাশি বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়েও মন্তব্য করেন তিনি।

টুটুলের বক্তব্য ও ‘জয় বাংলা’ স্লোগানকে ঘিরে থানা চত্বরে উপস্থিত লোকজনের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা যায়।

এ বিষয়ে গাংনী থানার ওসি (তদন্ত) আল মামুন বলেন, বৈষম্যবিরোধী শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় দায়ের করা মামলায় রাকিবুল ইসলাম টুটুলকে গ্রেপ্তার করা হয়েছে। আদালতে সোপর্দ করার পর আদালতের নির্দেশে তাকে কারাগারে পাঠানো হয়েছে।

কেন্দ্রীয় যুবদলের তথ্যপ্রযুক্তি সম্পাদক হলেন

মেহেরপুরের প্রিন্স আহমেদ ইমরান

বিএনপির অঙ্গসংগঠন জাতীয়তাবাদী যুবদলের ১৫১ সদস্যবিশিষ্ট কেন্দ্রীয় নির্বাহী কমিটি ঘোষণা করা হয়েছে। নবগঠিত কমিটিতে তথ্যপ্রযুক্তি বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন মেহেরপুরের সন্তান প্রিন্স আহমেদ ইমরান।

বৃহস্পতিবার বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে নতুন কেন্দ্রীয় কমিটির অনুমোদনের বিষয়টি জানানো হয়।

নতুন ঘোষিত কমিটিতে যুবদলের নেতৃত্বে অভিজ্ঞ ও পুরোনো নেতাদের ওপরই আস্থা রেখেছে বিএনপি। সংগঠনটির সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন আবদুল মোনায়েম।

মেহেরপুরের সন্তান প্রিন্স আহমেদ ইমরান কেন্দ্রীয় কমিটির গুরুত্বপূর্ণ পদে মনোনীত হওয়ায় জেলা ও স্থানীয় বিএনপি এবং অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মধ্যে আনন্দ ও উৎসাহের সৃষ্টি হয়েছে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় দুই শিশুসহ নিহত ৩, আহত ২

মেহেরপুর-কুষ্টিয়া মহাসড়কের ওলিনগর এলাকায় ইজিবাইক ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুই শিশুসহ তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুইজন আহত হয়েছেন। বৃহস্পতিবার (৪ জুন) দুপুরে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার উত্তর শালিকা মাঠপাড়া গ্রামের আলাউদ্দিনের ছেলে ইজিবাইকচালক আরিফুল ইসলাম (৩২), একই গ্রামের মাহিমের চার বছর বয়সী মেয়ে আফরিন এবং যশোরের ঝিকরগাছা উপজেলার সজীব আলীর ছেলে মাহিমের ভাগ্নে আকবর আলী (১০) ওরফে আবরার। আহত হয়েছেন মাহিম আলী ও তার স্ত্রী মুক্তা খাতুন। তারা কুষ্টিয়া

মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, আরিফুল ইসলাম মাহিমের পরিবারের ৪ জন যাত্রী নিয়ে শালিকা থেকে মটমুড়ায় একটি বিয়ের অনুষ্ঠানের যাচ্ছিলেন। পথে তেরাইল ওলিনগর এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাকের সঙ্গে ইজিবাইকটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ইজিবাইকটি দুমড়ে-মুচড়ে যায় এবং ঘটনাস্থলেই ইজিবাইক চালক আরিফ মারা যান এবং যাত্রীরা গুরতর আহত হন। আহতদের উদ্ধার করে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হলে সেখানে মাহিমের মেয়ে আফরিন ও ভাগ্নে আবরার মারা যায়।

অপরদিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শিশু আফরিন ও আকবর আলীর মৃত্যু হয়।

আফরিনের মামা রহিদুল ইসলাম জানান, একটি বিয়ের অনুষ্ঠানের যাওয়ার সময় এ ঘটনা ঘটে। কুষ্ঠিয়ার নেওয়ার পর আফরিন ও আবরার মারা গেছে। মাহিম ও মুক্তার অবস্থাও আশঙ্কাকা জনক।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস জানান, দুর্ঘটনাকবলিত ট্রাক, ইজিবাইক এবং নিহত আরিফুল ইসলামের মরদেহ পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

এদিকে, ইজিবাইক চালক আরিফের মরদেহ উত্তর শালিকা গ্রামের পৌছালে পুরো এলাকাজুড়ে শোকের ছায়া নেমে আসে। আফরিন ও আবরারের মরদেহ শালিকা উদ্দেশ্যে কুষ্টিয়া থেকে রওয়ানা হয়েছে। বিকালে আরিফের দাফন সম্পন করার প্রস্তুতি চলছে।

১২ দিন পর থানায় মামলা, প্রধান আসামি নুর ইসলাম

মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা বাজারে সালিশের নামে এক গৃহবধূকে প্রকাশ্যে মারধর, শ্লীলতাহানি ও নির্যাতনের ভাইরাল

ঘটনায় অবশেষে মামলা হয়েছে। ঘটনার ১২ দিন পর গতকাল বুধবার গাংনী থানায় ভুক্তভোগী আলপনা খাতুনের এজাহারের ভিত্তিতে মামলাটি রেকর্ড করা হয়। মামলায় স্থানীয় বিএনপি নেতা নুর ইসলামসহ পাঁচজনকে আসামি করা হয়েছে।

মামলার বাদী আলপন খাতুন। মামলায় নুর ইসলাম, দেলোয়ার হোসেন, সিদ্দিক আলী, জালাল আলী ও রাজু আলীকে আসামি করা হয়েছে। তাদের বিরুদ্ধে বেআইনিভাবে বাড়িতে প্রবেশ, মারধর, শ্লীলতাহানি, ভয়ভীতি প্রদর্শন এবং স্বর্ণের চেইন ছিনিয়ে নেওয়ার অভিযোগ আনা হয়েছে।

এজাহারে উল্লেখ করা হয়েছে, গত ২৪ মে সকালে নিজ বাড়িতে অবস্থানকালে আলপনা খাতুনকে গালিগালাজ করতে করতে তার বাড়িতে প্রবেশ করেন অভিযুক্তরা। তিনি প্রতিবাদ করলে সংঘবদ্ধভাবে তার ওপর হামলা চালানো হয়। একপর্যায়ে তাকে মাটিতে ফেলে কিল-ঘুষি ও লাথি মারা হয় এবং শ্লীলতাহানি করা হয়। তাকে রক্ষা করতে গেলে তার ছেলে বেল্লাল হোসেনকেও মারধর করা হয়। হামলার সময় তার গলায় থাকা প্রায় ৪০ হাজার টাকা মূল্যের একটি স্বর্ণের চেইন ছিনিয়ে নেওয়ার অভিযোগও করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, ঘটনার পরপরই নির্যাতনের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। ভিডিওতে এক নারীকে প্রকাশ্যে মারধরের দৃশ্য দেখা যায়। ভিডিওটি ভাইরাল হলে এলাকাজুড়ে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয় এবং জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি ওঠে।

ভুক্তভোগীর পরিবারের দাবি, ঘটনার দিন আলপনা খাতুন একটি ধর্ষণ মামলার হাজিরা দিতে আদালতে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন। এ সময় তাকে বাড়ি থেকে তুলে নিয়ে স্থানীয়ভাবে সালিশের নামে নির্যাতন করা হয়। পরে জাতীয় জরুরি সেবা ৯৯৯-এ ফোন করা হলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাকে উদ্ধার করে। প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং পরে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। গুরুতর আহত অবস্থায় তিনি বেশ কয়েকদিন চিকিৎসাধীন ছিলেন।

পরিবারের অভিযোগ, ঘটনার পর থানায় অভিযোগ দিলেও তাৎক্ষণিকভাবে মামলা নেওয়া হয়নি। দীর্ঘদিন চিকিৎসাধীন থাকার পর অবশেষে বুধবার গাংনী থানায় মামলাটি রেকর্ড হয়।

এদিকে নুর ইসলামের বিরুদ্ধে এর আগেও প্রভাব খাটানো ও নারী নির্যাতনের অভিযোগ ওঠে। কয়েক মাস আগে এক ধর্ষণ মামলার বাদীকে

আদালতে যেতে বাধা দেওয়া, আটকে রেখে মারধর ও নির্যাতনের অভিযোগেও তিনি আলোচনায় আসেন। তবে ওই সময় তিনি তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করেছিলেন।

গাংনী থানার পুলিশ জানিয়েছে, মামলাটি রেকর্ড করা হয়েছে। অভিযোগের বিষয়গুলো তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ঘটনাটি নিয়ে এলাকাজুড়ে এখনো আলোচনা চলছে। ভাইরাল হওয়া নারী নির্যাতনের ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন স্থানীয় সচেতন মহল।

এমপি তাজ উদ্দিন খানের বেতন ও ঈদ বোনাস বন্ধ করলো মাদ্রাসা

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন খানের বেতন ও ঈদ উল আযহার উৎসব ভাতা বন্ধ করেছে মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার গভর্ণিং কমিটি।

মাদ্রাসা গভর্ণিং কমিটির সভাপতি ও অধ্যক্ষ পৃথকভাবে এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির তাজ উদ্দিন খান মানিক নগর ডিএস ‘আমিনিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী হিসেবে কর্মরত রয়েছেন। চলতি বছরের ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে তিনি মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে সংসদ সদস্য নির্বাচিত হন। সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর ১৭ ফেব্রুয়ারি সংসদ সদস্য হিসেবে শপথ নেন। কিন্তু সংসদ নির্বাচিত হওয়ার পর থেকে তিনি মাদ্রাসায় অনুপস্থিত থেকেও এপ্রিল মাস পযর্যন্ত বেতন, ঈদ উল ফিতরের উৎসব ভাতা ও বৈশাখি ভাতা গ্রহণ করেছেন।

এ নিয়ে মেহেরপুর প্রতিদিনে “এমপি হয়েও মাদ্রাসার বেতন-ভাতা নিচ্ছেন তাজ উদ্দিন খান” শিরোনামে প্রধান সংবাদ প্রকাশ করা হয়।

অনুপস্থিত, বেতন শিটে স্বাক্ষর অন্য কেউ’
“ এমপি হয়েও মাদ্রাসা থেকেও বেতন-ভাতা নিচ্ছেন তাজ উদ্দিন খান”

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন খান। তিনি মেহেরপুর জেলা জামায়াতের আমিরের দায়িত্বও পালন করছেন। সংসদ সদস্য নির্বাচিত হলেও তিনি এখনো খাতা-কলমে কর্মরত রয়েছেন মুজিবগরের মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী পদে। সংসদ সদস্য হওয়ার পরে মাদ্রাসা থেকেও নিচ্ছেন বেতন-ভাতা। সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর মাদ্রাসা থেকে অবৈতনিক ছুটি নেওয়ার নিয়ম থাকলেও তিনি ছুটি নেননি, এমনকি মাদ্রাসায় অনুপস্থিত থেকেও মাসের পর মাস বেতন ও ভাতা নিচ্ছেন।

মাদ্রাসা সূত্রে জানা গেছে, সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর সহকারী মৌলভী বর্তমান সংসদ সদস্য তাজ উদ্দিন খান মানিক নগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসা থেকে ফেব্রুয়ারি মাসের আংশিক বেতন, মার্চ ও এপ্রিল মাসের পুরো বেতন নিয়েছেন। এর সাথে পেয়েছেন মার্চ মাসে ঈদুল ফিতরের বোনাস এবং এপ্রিলে পেয়েছেন বৈশাখি ভাতা।

মাদ্রাসার হাজিরা খাতা দেখে জানা গেছে, তিনি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর থেকে মাদ্রাসায় অনুপস্থিত রয়েছেন। বেতন শিটে প্রত্যেক শিক্ষক ও কর্মচারীর স্বাক্ষর করতে হলেও তাঁর স্বাক্ষর তাঁর অনুপস্থিতেই কেউ করে দিচ্ছেন। এ নিয়ে মাদ্রাসার অন্যান্য শিক্ষকদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। অসন্তোষ প্রকাশ করেছেন মাদ্রাসা ব্যবস্থাপনা কমিটির সভাপতিও।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা (২০২৫) এবং শিক্ষা মন্ত্রণালয়ের বিধি অনুযায়ী, কোনো শিক্ষক বা কর্মচারী যদি অন্য কোনো লাভজনক পদে বা পূর্ণকালীন চাকরিতে নিয়োজিত হন, তবে তার এমপিও সুবিধা স্থগিত বা বাতিল হয়ে যায়।

সংসদ সদস্য পদটি একটি পূর্ণকালীন ও লাভজনক পদ হিসেবে গণ্য হয়। তাই নির্বাচিত হওয়ার পর শিক্ষকতা পেশায় সক্রিয় থেকে বেতন নেওয়া আইনত জটিল।

একই নীতিমালার ৪.২৪(২) ধারায় বলা হয়েছে, কোন শিক্ষক ৬০ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকলে তার এমপিও স্থগিত অথবা বাতিল হয়ে যাবে।

নীতিমালায় আরো বলা হয়েছে, যদি কোনো শিক্ষক সংসদ সদস্য নির্বাচিত হন, তবে তাকে সাধারণত তার শিক্ষা প্রতিষ্ঠান থেকে লিয়েন বা অবৈতনিক ছুটি নিতে হয়। এই সময়ে তিনি শিক্ষক হিসেবে কোনো বেতন-ভাতা পাবেন না, তবে তার চাকরির সিনিয়রিটি বা পদ বহাল থাকতে পারে।

জানা গেছে, নির্বাচিত সংসদ সদস্য হিসেবে তাজ উদ্দিন খান রাষ্ট্র থেকে নির্দিষ্ট বেতন, নির্বাচনি এলাকা ভাতা, আবাসন সুবিধা, চিকিৎসা ভাতা এবং অন্যান্য সংসদীয় সুযোগ-সুবিধা পাবেন। এই সুবিধাগুলো শিক্ষক হিসেবে প্রাপ্য ভাতার চেয়ে অনেক বেশি বা লাভজনক।

মাদ্রাসার শিক্ষকরা জানান, ২০২৪ এর ৫ আগস্টের পর থেকে তাজ উদ্দিন খান ঠিকমত মাদ্রাসায় হাজিরা দেন না। মাঝে মধ্যে এসে হাজিরা খাতায় স্বাক্ষর করে যেতেন। জাতীয় সংসদ নির্বাচন শুরু হলে তিনি তখন একজন প্যারা শিক্ষক নিয়োগ দেন। কিন্তু তিনি ছুটি না নিয়ে বেতন তুলছেন। চলতি মে মাস থেকে সেই প্যারা শিক্ষকও আর আসেন না। ফলে তাঁর ক্লাসগুলো অন্যান্য শিক্ষকদের অতিরিক্ত নিতে হচ্ছে। তিনি এমপি নির্বাচিত হওয়ায় কেউ তাকে নিয়ে কথা বলতে পারেননা। কিন্তু মাদ্রাসা কতৃপক্ষ তাকে বেতন-ভাতা দিয়ে যাচ্ছে।
এ বিষয়ে মাদ্রসার অধ্যক্ষ আসাদুল্লাহ আল গালিব বলেন, ‘এ মাদ্রাসার সহকারী মৌলভী তাজ উদ্দিন খান এমপি নির্বাচিত হওয়ার পর তাকে কয়েকবার বলেছি ছুটি নিতে অথবা শিক্ষা অধিপ্তর থেকে তার পক্ষে কোন নির্দেশনা নিয়ে আসতে। তারপরও তিনি ছুটি নেননি।

তিনি না আসলেও তার বেতন -ভাতা দিতে হচ্ছে।’ তাজ উদ্দিন খানের পরবর্তিতে যদি অন্য কোন শিক্ষক এমন করতেন তবে কি করতেন? এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ‘এর বেশি কিছু বলতে পারবো না।’

মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটির সভাপতি আহমদ আলী বলেন, ‘এমপি তাজউদ্দিন খানের বিষয়েআমি গত মিটিংয়ে প্রিন্সিপালকে বলেছি, একজন শিক্ষক অনুপস্থিত থাকবে আর আমি বেতন শিটে সই করবো তা হবে না। সরকারি টাকা এভাবে নষ্ট করলে কৈফিয়ত দেবে কে?’ আমি এপ্রিল মাসেও সই করেছি কিন্তু মে মাসের বেতনে সই করবো না বলে জানিয়ে দিয়েছি।’

এ বিষয়ে মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো: মামুন উদ্দিন আল আজাদ বলেন, এমপিও ভুক্ত কোন শিক্ষক

সরকারের দুই কোষাগার থেকে বেতন-ভাতা উত্তোলণ করতে পারবেন না। মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী তাজ উদ্দিন খান সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন, আমি অধ্যক্ষ মহোদয়কে বলেছি আপনি এ বিষয়ে মাদ্রাসা বোর্ডের মহাপরিচালক, এমনকি শিক্ষা সচিব মহোদয়ের কাছে থেকে মতামত নিয়ে তাঁর ব্যাপারে সিদ্ধান্ত নেন।’

তবে এ বিষয়ে মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী তাজ উদ্দিন খানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন,‘ নির্বাচনের পরপরই রোযার ছুটিতে মাদ্রাসা বন্ধ হয়ে গেলো, তারপরপরই আবার সংসদ অধিবেশন শুরু হয়ে গেলো যে কারণে মাদ্রাসা কমিটির সাথে আমার বসার সুযোগ হয়নি। আমি মাদ্রাসার শিক্ষকদের বলেছি আমার বেতন চালু থাক। আমি বেতন তুলে রাষ্ট্রিয় কোষাগারে জমা দিয়ে দেব যার স্লিপ মাদ্রাসায় থাকবে। তিনি আরো বলেন, বেতন বন্ধ হয়ে গেলে পুনরায় বেতন চালু করা কষ্ট হয়ে যায়, এ জন্য একথা বলেছি। গত তিন মাসের বেতনের বিষয়ে তিনি বলেন, ‘অধিদপ্তর যদি বলে উত্তোলণকৃত টাকা জমা দিতে হবে আমি জমা দিয়ে দেব। এবং যদি অবৈতনিক ছুটি নেওয়ার বিধান থাকে তবে অধিদপ্তরের সাথে আলাপ করে প্রয়োজনে ছুটি নেব।’

উল্লেখ্য, মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয় মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসা । প্রতিষ্ঠানটিতে ২৯ জন শিক্ষক-কর্মচারী রয়েছেন। শিক্ষার্থীর সংখ্যা ৪৩০ জন। ২০২৫ সালের দাখিল পরীক্ষায় ২৭ জন অংশ নিয়ে পাশ করেছেন ১৩ জন, কেউ জিপিএ ৫ পায়নি।